

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, ফেব্রুয়ারি ২২, ২০০৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণিজ্য মন্ত্রণালয়

অবা-১ শাখা

আদেশ

তারিখ, ২২ ফেব্রুয়ারি ২০০৬/১০ ফাল্গুন ১৪১২

এস, আর, ও নং ৩৪-আইন/২০০৬।—Imports and Exports (Control) Act, 1950 (XXXIX of 1950) এর section 3 এর sub-section (1) এর প্রদত্ত ক্ষমতাবলে সরকার আমদানি নীতি আদেশ, ২০০৩—২০০৬ এর নিম্নরূপ অধিকরণ সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত আদেশের পরিশিষ্ট-১ এর নিয়ন্ত্রিত পণ্যের তালিকার কলাম-১ এ উল্লিখিত এইচ এস হেডিং নম্বর ৮৭.০১ হইতে ৮৭.০৪ এর বিপরীতে কলাম (৩) এর অনুচ্ছেদ (ক) এ—

(ক) দফা (৫) এর পরিবর্তে নিম্নরূপ দফা (৫) প্রতিস্থাপিত হইবে, যথা :—

“(৫) জাপান হইতে গাড়ী আমদানির ক্ষেত্রে জাপান অটোমোবাইল এসোসিয়েশন কর্তৃক প্রকাশিত চেসিস বুক এবং অন্যান্য দেশ হইতে আমদানির ক্ষেত্রে সংশ্লিষ্ট দেশের সরকার কর্তৃক স্বীকৃত অটোমোবাইল এসোসিয়েশন কর্তৃক প্রকাশিত চেসিস বুক পরীক্ষা করিয়া গাড়ী তৈরীর তারিখ নির্ধারিত হইবে। যে সকল দেশ হইতে চেসিস বুক প্রকাশিত হয় না সেই সকল দেশ হইতে পুরাতন গাড়ী বা যানবাহন আমদানি করা যাইবে না।”;

(খ) দফা (৬) বিলুপ্ত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আবদুস সামাদ
উপ-সচিব (আইআইটি-২)।

মোঃ নূর-নবী (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

(৭১৯)

মূল্য : টাকা ২.০০